গাংনীতে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে কন্যা শিশু দিবস পালিত

দি হাঙ্গার প্রজেক্ট ও জাতীয় কন্যা শিশু এডভোকেসী ফোরামের যৌথ আয়োজনে একযোগে গাংনী উপজেলার ৭ টি ইউনিয়নে পালন করা হয় আলোচনা সভা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান।

আজ সোমবার সকালে ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত অনুষ্ঠানে অত্র স্কুলের প্রধান শিক্ষক রোকনুজ্জামান এর সভাপতিত্বে এবং দি হাঙ্গার প্রজেক্টের ইউনিয়ন সমন্বয়কারী তানজীদ আহমেদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকতা নাছিমা খাতুন,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিএফজি সমন্বয়কারী সাংবাদিক রফিকুল আলম বকুল, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইকবাল হোসেন, সানঘাট মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহায়ক হযরত আলীসহ ধানখোলা ইউনিয়নের ৫ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতিনিধিরা। আলোচনা সভা শেষে পুরষ্কার বিতরণ করা হয়।

সাংবাদিক রফিকুল আলম বকুল তার বক্তব্যে জাতীয় কন্যা শিশু দিবসের তাৎপর্য ও গুরুত্ব নিয়ে মতবিনিময় সভায় বিস্তারিত আলোচনা তুলে ধরেন এবং কন্যাদের অধিকার নিয়ে কথা বলেন।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা বিষয়ক কর্মকতা নাছিমা খাতুন একজন কন্যা হিসাবে তাঁর নিজের জীবনের অভিজ্ঞতা ও বিভিন্ন সমস্যার কিভাবে মোকাবিলা করেছেন সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি কন্যা শিশুদের জন্য সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। মহিলা বিষয়ক অধিদপ্তরসহ সরকারের বিভিন্ন বিভাগ কন্যা শিশুদের অধিকার নিয়ে কথা বলেন।

এছাড়া গাংনীর উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নে করমদি মাধ্যমিক বিদ্যালয় আলোচনা সভা ও পুরষ্কার বিতরণ করা হয় সভায় সভাপতিত্ব করেন করমদি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মু. আলম হোসাইন । অতিথি ছিলেন করমদি কলেজের প্রভাষক আবু সাদাত মোহাম্মদ সায়েম।

গাংনীর কাথুলি ইউনিয়নের ধলা মাধ্যমিক বিদ্যালয়ে সভাপতিত্ব করেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আনোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম । বিশেষ অতিথি ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট এলাকা সমন্বয়কারী হেলাল উদ্দিন।

গাংনীর সাহারবাটি ইউনিয়নের জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে সভাপতি করেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

বিশেষ অতিথি ছিলেন জাতীয় কন্যাশিশু শিশুর অ্যাডভোকেসি ফোরাম, মেহেরপুর জেলা সভাপতি মোঃ সিরাজুল ইসলাম ও বিশেষ অতিথি বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক দিলারা জামান।

গাংনী উপজেলা আওয়ামী লীগের শান্তি সমাবেশে -এমপি সাহিদুজ্জামান

আওয়ামীলীগ ক্ষমতায় না থাকলে সন্ধায় বোমা ফাটবে,শান্তির ঘুম হারাম হয়ে যাবে। মুখ থুবড়ে পড়বে দেশের উন্নয়ন। ম্লান হয়ে যাবে স্মার্ট বাংলাদেশের দেখা স্বপ্ন। বাজার থেকে কেউ টাকা নিয়ে বাড়ি ফিরতে পারবে না। নিরাপদে পথ চলাচল বন্ধ হয়ে যাবে। নিরাপদে পথ চলতে হলে,শান্তিতে ঘরে থাকতে চাইলে, এবং দেশের উন্নয়ন দেখতে চাইলে আবারো আওয়ামী লীগ সরকারকে ক্ষমতায় বসানোর জন্য সকলের প্রতি অনুরোধ জানিয়ে নৌকা মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করার আহ্বান জানিয়েছেন। গাংনী উপজেলা আওয়ামী লীগের আয়োজিত বিশাল শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় এমপি সাহিদুজ্জামান এসব কথা বলেন।

তিনি আরো বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় এলেই গ্রামীণ জনপদের উন্নয়ন হয়,শহর থেকে গ্রামগঞ্জেও উন্নয়ন হয়। আর বিএনপি ক্ষমতায় এলে

উন্নয়নের পরিবর্তে ডাকাতি হয় ও বোমা ফাটে।মানুষের মধ্যে বাড়ে শুধু আতঙ্ক আর আতঙ্ক। শান্তিতে থাকতে হলে আওয়ামী লীগকে ভোট দেওয়ার কোন বিকল্প নেই।।

রবিবার বিকেলে গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ড এলাকার রেজাউল চত্বরে বিশাল শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা আওয়ামী লীগ আয়োজিত শান্তি সমাবেশে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা হাজী মোহাম্মদ মহসিন আলী, যুব মহিলা লীগের সভানেত্রী এমপি পিৎল লাইলা আরজুমান বানু শিলা,,স্বেচ্ছাসেবক লীগ নেতা আবুল বাসার,সাহারবাটী ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,বামন্দী ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপু। সমাবেশ পরিচালনা করেন গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মেম্বার, আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দসহ প্রায় সাত সহস্রাধিক নারী-পুরুষ।

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি উদ্যোগে উপকরণ বিতরণ

মেহেরপুর গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর ‘প্রশিক্ষন কেন্দ্র ও খামার’- এ সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় উ”চমূল্যের ফল উৎপাদনে উদ্যোক্তা তৈরি ও অনাবাদি জমিতে সবজি চাষ প্রদর্শনীর আওতায় ৫ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- ১৮০ টি বারি-১১ আমের চারা, ৩০টি ব্যানানা ম্যাংগো আমের চারা এবং ২১টি মোজাফ্ফর জাতের

লিচুর চারা, ১৬টি সিমেন্টের খুটি, ট্রাইকো-কম্পোস্ট সার, রাসায়নিক সার, কিটনাশক, বিভিন্ন সবজির বীজ। পাশাপাশি উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন ।

অপরদিকে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির (পিএসকেএস) কর্তৃক উচ্চমূল্যের ফল উৎপাদনে উদ্যোক্তা তৈরি প্রদর্শনীর আওতায় তিনটি প্রদর্শনী বাস্তবায়নের লক্ষ্যে, বারি আম-১১, ব্যানানা ম্যংগো, এবং লিচু-মোজাফ্ফর জাতের চারা বিতরন সহ অন্যান্য উপকরণ সমূহ বিতরন করা হয়। এছাড়াও অনাবাদি জমিতে সবজি চাষ প্রদর্শনীর আওতায় ২ টি প্রদর্শনী বাস্তাবয়নের লক্ষ্যে উপকারভোগিদের মাঝে উপকরণ সমূহ বিতরন করে যথাযথ পরামর্শ প্রদান করা হয়।

গাংনীতে বিদায় নিলেন সহকারী পরিদর্শক মো. রুহুল কুদ্দুস

আবেগঘন পরিবেশে গাংনী উপজেলা সমবায় অফিসের সহকারী পরিদর্শক মো. রুহুল কুদ্দুস এঁর অবসর জনিত বিদায় সংবর্ধনা মেহেরপুর জেলা সমবায় অফিসে অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৭ সেপ্টেম্বর) বিকেলে মেহেরপুর জেলা সমবায় অফিসার প্রভাষ চন্দ্র বালার সভাপতিত্বে অনুষ্ঠিত অবসর জনিত বিদায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিদায়ী সহকারী পরিদর্শক রুহুল কুদ্দুস, জেলা অফিসের উপ সহকারী নিবন্ধক এনামুল হক, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু, সদর উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান, জেলা অফিসের পরিদর্শক নুরুজ্জামান, প্রশিক্ষক নুরুজ্জামান, সহকারী পরিদর্শক সাইফুর রহমান, হাফিজুর রহমান, শাহিনুজ্জামান, অফিস সহকারী সাঈদ আনোয়ার, মেহেদী হাসান, ক্যাশ সরকার মাহফুজ রাব্বী, অফিস সহায়ক শাহিন আহমেদ প্রমূখ।

বক্তব্যের শেষে সকল কর্মকর্তা কর্মচারীদের পক্ষ থেকে বিদায়ী

কর্মীর হাতে উপহার সামগ্রী তুলে দেওয়া হয় এবং একটি সুসজ্জিত গাড়িতে করে বিদায়ী সহকর্মীকে তাঁর বাসস্থানে পৌঁছে দেওয়া হয়।

মেহেরপুর ও গাংনীতে পুলিশের অভিযানে গ্রেফতার ৬

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৬ আসামি গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ ও চুরির মামলায় ২ জন আসামি। এছাড়া গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ ও নিয়মিত মামলায় ১ আসামি রয়েছে।
গতকাল মঙ্গলবার দিবাগত রাতের পৃথক সময়ে পুলিশ অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন। পুলিশের সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছে।

গ্রেফতারকৃতদের আজ বুধবার (২৭ সেপ্টেম্বর) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর ডিবির জালে গাঁজা

চাষী গাংনীর ভল্টা ও চলটা

গাঁজা গাছসহ মোঃ মোকাদ্দেস ওরফে ভল্টা (৪৫) নামের এক গাঁজা চাষীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ। আটক মোকাদ্দেস হোসেন গাংনী উপজেলার মাইলমারী গ্রামের মৃত জিহাদ আলীর ছেলে। ভল্টার সহযোগী ও সহোদর মোঃ আমানুল্লাহ ওরফে চলটা (৩৫) পলাতক।

আজ মঙ্গলবার (২৬ সেপ্টেম্বর) দুপুর সাড়ে তিনটার সময় মোকাদ্দেস ওরফে ভল্টার বাড়িতে অভিযান চালিয়ে গাঁজা গাছসহ তাকে আটক করে মেহেরপুর ডিবি পুলিশের একটি টিম। ডিবি সুত্রে জানা গেছে এসময় ১ টি গাঁজার কাঁচা গাছ জব্দ করা হয়। ডাল ও পাতাসহ কাঁচা অবস্থায় জব্দ করা গাঁজা গাছটির উচ্চতা সাড়ে ১২ ফুট এবং ওজন ৭ কেজি ২০ গ্রাম। যার আনুমানিক বাজার মূল্য প্রায় বাহাত্তর হাজার টাকা।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের অফিসার ইনচার্জ সাইফুল আলম বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে মোকাদ্দেস ওরফে ভল্টার বাড়িতে অভিযান চালানো হলে, বাড়ির দক্ষিণপাশে গিয়ে গাঁজা গাছটি দেখতে পেয়ে গাঁজা চাষী মোকাদ্দেস ওরফে ভল্টাকে আটক ও গাছটি জব্দ করা হয়। অভিযানের খবরে ভল্টার সহযোগী ও সহোদর চলটা আত্মগোপনে রয়েছে। এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দুইজনকে আসামি করে একটি মামলা দিয়ে তাকে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।’

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধ, একই পরিবারের তিনজনকে পিটিয়ে আহত

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে একই পরিবারের নারীসহ ৩ ব্যক্তিকে পিটিয়ে আহত করেছে প্রতিপক্ষরা।

আহতরা হলেন, গাংনী সন্ধানী স্কুল এন্ড কলেজ পাড়ার বাসিন্দা জিয়া
(৪৫) তার স্ত্রী মাহিনুর খাতুন (৩৮) ও ছেলে বায়োজিদ হোসেন

(১৭)।

মাহিনুর খাতুন ও তার ছেলে বায়োজিদ হোসেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রয়েছেন। প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরেছে জিয়া।

জানা গেছে, ৪৬ শতক জমি নিয়ে জিয়া ও শিশিরপাড়া গ্রামের মুন্নাফ হোসেনের মধ্যে দীর্ঘদিন যাবৎ হাইকোর্টে মামলা চলছে। জমিটি দখল নিতে মুন্নাফ ও সুরাত আলীর নেতৃত্বে তাদের লোকজন গত শুক্রবার সকালের দিকে তাদের বাড়িতে হামলা চালিয়ে মারপিট করে।

এঘটনায় গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে বলে জানান ভ’ক্তভোগী জিয়া।

গাংনীর রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত

গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে।

ত্রিবার্ষিক কাউন্সিলে রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নির্বাচিত হন নুর ইসলাম ও সাধারণ সম্পাদক নির্বাচিত হন সাগর আহম্মেদ।

শনিবার বিকালে গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন পরিষদ হলরুমে এই ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের গাংনী উপজেলা শাখার আহবায়ক তোহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত ত্রিবার্ষিক কাউন্সিলে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

সম্মেলনের উদ্বোধক ছিলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলামক বকুল। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন।

বিশেষ অতিথি ছিলেন, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামসুজ্জামান মঙ্গল, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান মকলেছ, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব জীবন আকবর, গাংনী পৌর স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক রুবেল হোসেন, সদস্য সচিব আশিকুজ্জামান পিন্টু প্রমুখ।

গাংনীতে বাইসাইকেল চোরকে গণপিটুনি দিয়ে পুলিশে দিলেন জনতা

বাইসাইকেল চুরি করে পালানোর সময় মিঠুন শেখ (২৪) নামের এক যুবককে ধরে গণধোলাই শেষে পুলিশে দিয়েছেন স্থানীয়রা। মিঠুন শেখ মেহেরপুর সদর উপজেলার খোকশা গ্রামের কিতাই আলী শেখের ছেলে।

শনিবার (২৩ সেপ্টেম্বর) সকাল ১০ টার দিকে গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের মাঠে থেকে জনৈক নার্সারি মালিক বকুল হোসেনের একটি বাইসাইকেল চুরি করে পালানোর সময় বাইসাইকেল মালিক তাকে ধরে ফেলেন। পরে স্থানীয়রা গণপিটুনী দিয়ে গাংনী থানা পুলিশকে খবর দেন। গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে এসে তাকে উদ্ধার করে থানায় নেন।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শাহিন মিয়া জানান, চুরির অভিযোগে মিঠুন শেখের বিরুদ্ধে মামলা হয়েছে। শনিবার দুপুরের দিকে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]